তারিখ 21 FEB 2016
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 8 ...

সংবাদ

বাগমারায়

# শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ

প্রতিনিধি, বাগমারা (রাজশাহী)

রাজশাহীর বাগমারা উপজেলার গোবিন্দপাড়া উচ্চবিদ্যালয়ের এক শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ পাওয়া গেছে। অভিযুক্ত শিক্ষকের শাস্তির দাবিতে শিক্ষার্থী, অভিভাবক ও এলাকার লোকজন মানববন্ধন কর্মসূচি পালন করেছে।

শিক্ষক, শিক্ষার্থী ও নির্যাতিত ছাত্রীর অভিভাবকরা জানান, গোবিন্দপাড়া উচ্চবিদ্যালয়ের গণিত বিষয়ের সহকারী শিক্ষক আবদুল হাই (৪০) একই বিদ্যালয়ের এক ছাত্রীকে দীর্ঘদিন ধরে নানা ভাবে উত্ত্যক্ত করে আসছিলেন। ছাত্রীকে বিয়ের প্রলোভন দেখিয়ে তার সঙ্গে অবৈধ সম্পর্ক স্থাপনেরও চেষ্টা করেন ওই শিক্ষক। বিষয়টি টের পেয়ে অভিভাবকেরা ওই ছাত্রীকে অন্যত্র বিয়ে দেন। তার পরেও শিক্ষক ছাত্রীকে সরাসরি ও মুঠোফোনের মাধ্যমে বিভিন্নভাবে উত্ত্যক্ত করেন। কিছুদিন আগে ছাত্রীর শ্বশুরবাড়ির লোকজন বিষয়টি জানতে পারে। এই নিয়ে উভয় পরিবারের মধ্যে মতবিরোধ দেখা দেয় এবং এক পর্যায়ে গত ২৯ জানুয়ারি ছাত্রীকে তালাক দেওয়া হয়। এই ঘটনার পর বিষয়টি এলাকার লোকজনের মধ্যে জানাজানি হলে ছাত্রীর পিতা বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতির কাছে শিক্ষকের বিরুদ্ধে লিখিত অভিযোগ দেন। সভাপতি ঘটনার বিষয়ে তদন্ত করে ব্যবস্থা নেওয়ার প্রধানশিক্ষককে নির্দেশ দিলেও কোনো সুরাহা না হওয়ায় গতকাল শনিবার সকালে মানববন্ধন করা হয়।

বিদ্যালয়ের পাশে রাস্তায় দাঁড়িয়ে বিদ্যালয়ের শিক্ষার্থী, অভিভাবকসহ এলাকার শতাধিক লোকজন মানবন্ধন কর্মসূচি পালন করেন। দেড়ঘন্টা ধরে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। ছাত্রীর ঘর ভাঙার জন্য শিক্ষক আবদুল হাইকে দায়ি করে তাঁর শাস্তির দাবি জানিয়ে বক্তব্য দেন মুক্তিযোদ্ধা আনিসুর রহমান, কলেজ শিক্ষক আনোয়ার হোসেন ও দুলাল উদ্দিন। বিদ্যালয়ের পরিচালন পর্ষদের সভাপতি দুলাল হোসেন ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, তিনি প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য প্রধান শিক্ষককে নির্দেশ দিয়েছিলেন। তিনি শুধুমাত্র কারণদর্শনোর নোটিশ ছাড়া অন্য কোনো ব্যবস্থা না নেয়ায় এলাকার লোকজন মানববন্ধন করেছেন।